# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّٰٓفَّٰت

আয়াতঃ ৩৭ : ১১৫

## আরবি মূল আয়াত:

وَ نَجَّیۡنٰهُمَا وَ قَوۡمَهُمَا مِنَ الۡكَرۡبِ الۡعَظِیۡمِ ﴿۱۱۵﴾

## অনুবাদসমূহ:

আর আমি তাদেরকে ও তাদের কওমকে মহাসংকট থেকে নাজাত দিয়েছিলাম। — আল-বায়ান

আর তাদের দু'জনকে এবং তাদের জাতিকে মহা বিপদ থেকে রক্ষা করেছিলাম। — তাইসিরুল

এবং তাদেরকে ও তাদের সম্প্রদায়কে আমি উদ্ধার করেছিলাম মহা সংকট হতে। — মুজিবুর রহমান

And We saved them and their people from the great affliction, — Sahih International

১১৫. এবং তাদেরকে এবং তাদের সম্প্রদায়কে আমরা উদ্ধার করেছিলাম মহাসংকট থেকে।(১)

(১) সুদ্দী বলেন, মহাসংকট বলে ডুবে যাওয়া বুঝানো হয়েছে। [তাবারী] তবে হাসান বসরী বলেন, মহাসংকট বলে ফেরআউনের বংশধরদের বুঝানো হয়েছে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১১৫) এবং তাদের ও তাদের সম্প্রদায়কে আমি মহাসংকট হতে উদ্ধার করেছিলাম। [1]

[1] অর্থাৎ, ফিরআউনের দাসত্ব ও তার অত্যাচার থেকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন